মেহেরপুরে লক্ষ্যমাত্রার বেশি শিশুকে ভিটামিন-এ ক্যাপসুল খাওয়ানো হয়েছে

জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন-২০২৩ এর আওতায় মেহেরপুর জেলায় লক্ষ্যমাত্রার চেয়ে বেশি শিশুকে ভিটামিন-এ ক্যাপসুল খাওয়ানো হয়েছে।

আজ মঙ্গলবার (১২ ডিসেম্বর) মেহেরপুর পৌরসভা ও তিনটি উপজেলাকে ৫৪ টি ওয়ার্ডে বিভক্ত করে একযোগে মোট ৪৭৫ টি কেন্দ্রের মাধ্যমে সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত জেলার সকল ৬-১১ মাস বয়সী ৮৪৩০ জন শিশুকে একটি করে নীল রঙের ভিটামিন ‘এ’ ক্যাপসুল (১ লাখ আইইউ) এবং ১২-৫৯ মাস বয়সী ৬১০৪৩ জন শিশুকে লাল রঙের ভিটামিন ‘এ’ ক্যাপসুল (২ লাখ আইইউ) খাওয়ানো হয়েছে।

ইতোপূর্বে গত ৬ ডিসেম্বর সিভিল সার্জন মেহেরপুরের সম্মেলন কক্ষে জেলায় কর্মরত সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিগণের সাথে অনুষ্ঠিত এক ওরিয়েন্টেশন সভায় সিভিল সার্জন ডা. মহী উদ্দিন আহমেদ জানিয়েছিলেন মেহেরপুর জেলায় এবছর ৬৮ হাজার ৬৫৭ জন শিশুকে ভিটামিন এ প্লাস ক্যাম্পেইনের আওতায় আনা হবে।

সিভিল সার্জন ডা. মহী উদ্দিন আহমেদ বলেন, ‘আমরা লক্ষ্যমাত্রার চেয়েও বেশি শিশুকে ভিটামিন এ প্লাস ক্যাম্পেইনের আওতায় আনতে পেরেছি। আমাদের সকলের জন্য এটা আনন্দের একটি বিষয়। এবার জেলায় ৬-১১ মাস বয়সী ৮৪৯৭ জন শিশুকে টিকা খাওয়ানোর লক্ষ্যমাত্রা থাকলেও খাওয়ানো সম্ভব হয়েছে ৮৪৩০ জনকে। আর ১১-৫৯ মাস পর্যন্ত লক্ষ্যমাত্রা ৬০৯২৫ জন থাকলেত টিকা খাওয়ানে সম্ভব হয়েছে ৬১০৪৩ জনকে। ক্যাম্পেইনের সার্বিক তদারকি করতে জেলা ও উপজেলা পর্যায়ে কন্ট্রোল রুম খোলা হয়েছিলো। ‘

এ সময় তিনি আরো বলেন, ভিটামিন ‘এ’ ক্যাপসুল শিশুর অপুষ্টি, অন্ধত্ব প্রতিরোধ, দেহের স্বাভাবিক বৃদ্ধি নিশ্চিত, হাম ও ডায়রিয়াজনিত মৃত্যুর হার হ্রাসসহ সব ধরনের মৃত্যুর হার হ্রাস করে।’